

ঢাকা ওয়াসা


- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ের কপি।
- (৪) স্মারক নং-৪৬.১১৩.৪২৯.০০.০০.০০০.২০২১-১৬২, তারিখঃ ২৮/১০/২০২১ইং মোতাবেক সভার কার্যবিবরণী।
- (৫) দরের স্বপক্ষে ঢাকা ওয়াসার রেট দরের কপি।
- (৬) ট্রাংক মেইন স্যুয়ার লাইনের নকশা।
- (৭) স্লাজ অপসারণ কাজের ক্যালকুলেশন।
- (৮) উত্তোলিত স্লাজ অপসারণের কাজের প্রাক্কলন।
- (৯) আলোচ্য কাজের প্রতিবেদন।


বিষয়: Disposing of withdrawn sludge from trunk main sewer line and different SLSs under PSTP (Lot-6) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ০৯ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা শহরের পয়ঃ বর্জ্যসমূহ ট্রাংক মেইনের মাধ্যমে প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগারের লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ঢাকা শহরের প্রধান ৪টি পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন অর্থাৎ মডস্ জোন-১, ২, ৩, ৫, ৬ এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। গ্রাহকদের পয়ঃবর্জ্যসমূহ মডস্ জোনগুলোর আওতাধীন বিভিন্ন ডায়ার পয়ঃপাইপ লাইন হয়ে ট্রাংক মেইন পাইপ লাইনের মাধ্যমে বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে পয়ঃনেটওয়ার্কের মাধ্যমে পয়ঃবর্জ্যসমূহ প্লান্টের ইনলেট চেম্বারে জমা হয়। সেই কারণে উক্ত ট্রাংক মেইনে স্যুয়ারের ফ্লো স্বাভাবিক রাখার লক্ষ্যে ক্লিনিং করা প্রয়োজন। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসায় বিদ্যমান পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা ও পয়ঃ নেটওয়ার্ক বিষয়ে এক সমন্বয় সভা গত ২৮/১০/২০২১ইং তারিখ ডাইরেক্টর (টেকনিক্যাল) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছিল (সংযুক্তি-৪)। উক্ত সভায় সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন ব্যবস্থাপনা নিশ্চিতের লক্ষ্যে প্রতিটি এস.এল.এস হতে পরবর্তী এস.এল.এস পর্যন্ত ট্রাংক স্যুয়ার লাইনগুলি পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ কর্তৃক ক্লিনিং করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এ প্রধান পয়ঃ লাইন সমূহ পরিষ্কার ও সংস্কার পূর্বক পয়ঃ প্রবাহ বৃদ্ধি করার কথা নির্দেশনা-৬ এ রয়েছে। বর্তমানে পাগলা পয়ঃশোধনাগার বিভাগের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে স্যুয়ার ফ্লো বাধাপ্রাপ্ত হচ্ছে। অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষণসহ জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিধায় সুস্থভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আলাদা আলাদা নথির মাধ্যমে গোড়ান এস.এল.এস টু মাদারটেক এস.এল.এস, বাসাবো এস.এল.এস টু তেজ্জগাও এস.এল.এস এবং আরামবাগ এস.এল.এস টু মগবাজার এস.এল.এস এর স্যুয়ার লাইন, ম্যানহোল ও চেম্বারের ক্লিনিং কাজ করা হবে। উক্ত ক্লিনিং কাজের উত্তোলিত স্লাজ নিকটস্থ ডি.সি.সি ড্যাম্পিং ইয়ার্ডে অপসারণ করা প্রয়োজন।

১.১। সেই লক্ষ্যে পাগলা পয়ঃশোধনাগার বিভাগের আওতাধীন গোড়ান এস.এল.এস টু মাদারটেক এস.এল.এস, বাসাবো এস.এল.এস টু তেজ্জগাও এস.এল.এস এবং আরামবাগ এস.এল.এস টু মগবাজার এস.এল.এস এর ট্রাংক মেইন স্যুয়ার লাইনের ক্লিনিং কাজের উত্তোলিত স্লাজ অপসারণ কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২.৯৮.২৯০.০০ (দুই লক্ষ আটানব্বই হাজার দুইশত নব্বই টাকা মাত্র)। উক্ত কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃলাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-105; প্যাকেজ নং-RW24 তে অন্তর্ভুক্ত আছে।


১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।







সত্যায়িত



মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Disposing of withdrawn sludge from trunk main sewer line and different SLs under PSTP(Lot-6)" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে Limited Tendering Method (LTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২,৯৮,২৯০.০০ (দুই লক্ষ আটানব্বই হাজার দুইশত নব্বই) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


১৪/০৫/২৫


মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।

SDE.


১৪.০৫.২০২৫

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।

E/E.


১৪/৫/২৫


মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।

১৫

১৪/০৫/২৫

SE(WSTP)

১৪/০৫/২৫


১৪.০৫.২৫

(মিজঃ গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াশা।


XDE(PSTP)

১.৫। পরিকল্পনা দরপত্র আহবানের ব্যয়ভার নিম্ন


১৪/০৫/২০২৫

SDE.

সত্যায়িত


২৬.০৬.২৫

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।